



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০৩৯.২২. ৫১৫


তারিখ: ০৭ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ।
২১ জুন, ২০২২ খ্রিস্টাব্দ।

বিষয়: ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ পৌরসভায় একটি জীপ গাড়ী ক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রসংগে।

সূত্র: মেয়র, ঈশ্বরগঞ্জ পৌরসভা কার্যালয়ের স্মারক নং-১১৫, তারিখ: ০৮/০৬/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে, ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ পৌরসভায় একটি জীপ গাড়ী ক্রয়ে প্রশাসনিক অনুমোদন দেয়ার লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) ঈশ্বরগঞ্জ পৌরসভার কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতাদিসহ বিদ্যুৎ বিল হালনাগাদ পরিশোধিত রয়েছে কিনা সে সংক্রান্ত প্রমাণক;
- (খ) বর্তমান অর্থ বছরের বাজেটে গাড়ী কেনার জন্য প্রয়োজনীয় বরাদ্দ রাখা আছে কিনা বাজেটের কপি;
- (গ) বিগত ০৩(তিন) বছরের রাজস্ব আয়-ব্যয়ের তথ্যাদি;
- (ঘ) ঈশ্বরগঞ্জ পৌরসভার বর্তমান অর্থ বছরে রাজস্ব/নিজস্ব আয় কত নির্ধারণ করা হয়েছে এবং পৌরসভার রাজস্ব/নিজস্ব আয় থেকে গাড়ী ক্রয়ের ক্ষেত্রে রাজস্ব ঘাটতি ঘটবে কি না সে বিষয়ে প্রমাণকসহ প্রত্যয়ন;
- (ঙ) পৌরসভা কর্তৃক পরিচালিত বিভিন্ন ব্যাংক হিসাবের স্থিতির বিবরণ (ব্যাংক ওয়ারী পৃথক পৃথক ভাবে);
- (চ) উক্ত পৌরসভায় বর্তমানে কতজন কর্মকর্তা/কর্মচারীর আনুতোষিক বাবদ মোট কত টাকা বকেয়া রয়েছে, বর্তমানে কত টাকা পরিশোধ করা হয়েছে এবং বকেয়া আনুতোষিকের প্রাপ্যতা অনুযায়ী কত শতাংশ পরিশোধ করা হয়েছে সে সংক্রান্ত তালিকা প্রেরণ এবং
- (ছ) বর্তমান পৌরসভার কোন প্রকল্পভুক্ত বা কর্মসূচির গাড়ী ব্যবহৃত হচ্ছে কিনা, হলে বিবরণসহ তথ্যাদি।


২১/০৬/২০২২
(মো: আব্দুর রহমান)
উপ সচিব

৯৫১৪১৪২

e-mail No-lgpaura1@lgd.gov.bd

মেয়র
ঈশ্বরগঞ্জ পৌরসভা
ময়মনসিংহ।

অনুলিপি:

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। অফিস কপি।